

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩২২০

১৫/ জानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭২. কবর সমতল করা

بَابٌ فِي تَسْوِيَةِ الْقَبْرِ

আরবী

ضعيف

বাংলা

৩২২০। আল-কাসিম সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে বললাম, ফুফু! রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর দু' সাথীর কবর খুলে আমাকে একটু দেখান। তিনি তিনটি কবরই আমাকে (পর্দা) খুলে দেখালেন। আমি দেখি যে, তা খুব উঁচুও নয় আবার একেবারে সমতলও নয়। কবর তিনটির উপর আল-আরসা নামক স্থানের লাল কাঁকর বিছানো ছিলো। আবূ আলী (রাঃ) বলেন, কথিত আছে, সম্মুখভাগে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কবর, তাঁর মাথার দিকে আবূ বকর (রাঃ) এর কবর এবং তাঁর পায়ের দিকে 'উমার (রাঃ) এর কবর। 'উমার (রাঃ) এর মাথা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর পায়ের কাছে অবস্থিত।[1]

English

Narrated Al-Qasim ibn Muhammad ibn AbuBakr:



I said to Aisha! Mother, show me the grave of the Messenger of Allah (ﷺ) and his two Companions (Allah be pleased with them). She showed me three graves which were neither high nor low, but were spread with soft red pebbles in an open space.

Abu 'Ali said: It is said that the Messenger of Allah (ﷺ) is forward, Abu Bakr is near his head and 'Umar is near is feet. His head is at the feet of the Messenger of Allah (ﷺ).

ফুটনোট

[1]. দুর্বল ı

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন